

কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা মনে মনে !
মেলে দিলেম গানের সুরের এই ডানা মনে মনে ।
তেপান্তরের পাথার পেরোই রূপ-কথার,
পথ ভুলে যাই দূর পারে সেই চুপ্-কথার-
পারুলবনের চম্পারে মোর হয় জানা মনে মনে ॥
সূর্য যখন অস্তে পড়ে ঢুলি মেঘে মেঘে আকাশ-কুসুম তুলি ।
সাত সাগরের ফেনায় ফেনায় মিশে
আমি যাই ভেসে দূর দিশে-
পরীর দেশের বন্ধ দুয়ার দিই হানা মনে মনে ॥

Parjaay: Natya-geeti, Taal: Dadra, Style: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail